খুলনা বিভাগীয় জয়িতা সম্মাননা পেলেন কুষ্টিয়ার ঝর্না খাতুন

অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী ক্যাটাগরিতে কুষ্টিয়ার ঝর্না খাতুনকে খুলনা বিভাগীয় পর্যায়ে জয়িতার সম্মাননা পেয়েছেন।

আজ রবিবার (২৮ জানুয়ারি) দুপুরে খুলনা জেলা শিল্পকলা একাডেমি অডিটোরিয়ামে অনুষ্ঠিত ‘জয়িতা অন্বেষণে বাংলাদেশ’ শীর্ষক কর্মসূচির আওতায় আয়োজিত অনুষ্ঠানে মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী সিমিন হোসেন (রিমি) সম্মাননা প্রদান করেন।

প্রধান অতিথির বক্তৃতায় প্রতিমন্ত্রী তাঁর বক্তব্যে বলেন, আমাদের সংবিধান প্রতিটি মানুষকে মানুষ হিসেবে বাঁচার অধিকার দিয়েছে। যেখানে নারী বা পুরুষ আলাদা করে বিবেচনা করা হয়নি। সমাজকে পাল্টানোর দায়িত্ব জয়িতাদের। জয়িতারা জীবন সংগ্রামে জয়ী হবেই।

খুলনার বিভাগীয় কমিশনার মোঃ হেলাল মাহমুদ শরীফের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব নাজমা মোবারেক, মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক কেয়া খান, পরিচালক জাকিয়া আফরোজ, খুলনার জেলা প্রশাসক খন্দকার ইয়াসির আরেফীন ও অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস) সুশান্ত সরকার, খুলনা জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক হাসনা হেনা ও কুষ্টিয়া জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক নূরে সফুরা ফেরদৌস প্রমুখ।

অনুষ্ঠানে কুষ্টিয়া জেলার বিভাগীয় শ্রেষ্ঠ জয়িতা সফল জননী নারী চন্দনা রানী কুন্ডুসহ খুলনা বিভাগের পাঁচজন শ্রেষ্ঠ জয়িতার প্রত্যেককে সম্মাননা ক্রেস্ট, সনদপত্র ও ২৫ হাজার টাকা প্রদান করা হয়।

কুষ্টিয়া জেলা থেকে অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী ক্যাটাগরিতে ঝর্ণা খাতুনসহ শিক্ষা ও চাকুরি ক্ষেত্রে সাফল্য অর্জনকারী শামীমা ইয়াসমিন, নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যোমে জীবন শুরু করা রীনা খাতুন এবং সমাজ উন্নয়নে অসামান্য অবদান রাখায় সাবিনা শারমিনসহ বিভাগীয় পর্যায়ে রানারআপ ও বিভাগের ১০ জেলা থেকে নির্বাচিত জয়ীতাদের সনদপত্র ও ক্রেস্ট প্রদান করা হয়।